



ভোট কারচুপির কোনো সম্ভাবনা নেই: স্বরাষ্ট্র উপদেষ্টা



স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গীর আলম। ছবি: সংগৃহীত

স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী জানিয়েছেন, এবারের নির্বাচনে ভোট কারচুপির কোনো সম্ভাবনা নেই। তিনি জনগণকে বলেছেন, কোথাও কার্ড বা ভোট সংক্রান্ত কোনো অনিয়ম দেখা দিলে সঙ্গে সঙ্গে জানাতে। তিনি নিজে তাৎক্ষণিক ব্যবস্থা নেবেন। রোববার (৮ ফেব্রুয়ারি) দুপুরে রংপুর বিভাগীয় কমিশনার কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ মন্তব্য করেন। স্বরাষ্ট্র উপদেষ্টা আরও বলেন, নির্বাচন হবে শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে। এটি হবে একটি ফ্রি, ফেয়ার ও বিশ্বাসযোগ্য নির্বাচন। তিনি রংপুরের জনগণকে শান্তিপূর্ণ এবং নিরীহ উল্লেখ করে বলেন, তাই এখানকার ভোট প্রক্রিয়া হবে সুষ্ঠু এবং স্বচ্ছ।

LENS ASIA